# ECONOMICS
## ( New Syllabus )
## 2024

Total Time : 3 Hours 15 minutes ] [ Total Marks : 80

- পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।
- ***Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.***
- संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।

## নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা **32**.
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।
- প্রয়োজন অনুযায়ী মূল উত্তরপত্রে রাফ / খসড়া কার্য করা যাবে এবং শেষে কোনাকুনি ভাবে কেটে দেবে।

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
|---|---|---|
| বাংলা/Bengali/बांग्ला | **3** | **12** |
| ইংরাজী/English/अंग्रेजी | **13** | **22** |
| হিন্দী/Hindi /हिन्दी | **23** | **31** |

- এই প্রশ্নপুস্তিকার ২ নং পৃষ্ঠায় প্রদত্ত হিন্দী এবং ইংরাজী নির্দেশাবলি পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- प्रश्न पुस्तिका के पृष्ठ संख्या 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।

## INSTRUCTIONS / निर्देश :

- This Question Booklet consists of **32** pages.
- This Question Booklet is in *three* versions — Bengali, English and Hindi. **In case of any doubt or confusion, *English version will prevail.***
- Attempt the questions as per the instructions given therein. Write the answers only in the Main Answer Script, nowhere else.
- Do Rough Work, if necessary, in Main Answer Script and cross it diagonally.

---

- इस प्रश्न पुस्तिका में **32** पृष्ठ हैं।
- यह प्रश्न पुस्तिका तीन भाषाओं में है – बांग्ला, अंग्रेजी तथा हिन्दी । **किसी कारणवश संदेह अथवा भ्रम होने पर अंग्रेजी भाषा मान्य होगी ।**
- प्रश्नों के उत्तर दिये गये निर्देशानुसार ही दें। प्रश्नों के उत्तर केवल मुख्य उत्तर पुस्तिका में ही देना होगा, अन्यत्र कहीं नहीं।
- आवश्यकतानुसार रफ कार्य उत्तर पुस्तिका में करें और उसे तिरछा रूप से काट दें।

বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে উত্তরপত্রে লেখো : 1 × 10 = 10

(i) প্রান্তিক ব্যয় রেখা

(a) প্রথমে নিম্নগামী ও পরে ঊর্ধ্বগামী হয়

(b) কখনই ঊর্ধ্বগামী হয় না

(c) গড় ব্যয় রেখাকে সর্বোচ্চ বিন্দুতে ছেদ করে

(d) কখনই নিম্নগামী হয় না।

(ii) পূর্ণ প্রতিযোগিতার বাজারে, মুনাফা সর্বাধিক হওয়ার জন্য দ্বিতীয় বা পর্যাপ্ত শর্তটি হল

(a) দাম = প্রান্তিক আয়

(b) প্রান্তিক আয় = প্রান্তিক ব্যয়

(c) প্রান্তিক ব্যয় রেখা নিম্নগামী

(d) প্রান্তিক ব্যয় রেখা ঊর্ধ্বগামী।

(iii) যোগানের নিয়ম কার্যকরী হলে যোগান রেখাটি হবে

(a) উল্লম্ব (b) ঊর্ধ্বগামী

(c) অনুভূমিক (d) নিম্নগামী।

(iv) একচেটিয়া কারবারে ভারসাম্যের একটি শর্ত হল

(a) MR = MC (b) P = MC

(c) P = MR (d) MC = AC.

(v) সরল কেইনসের তত্ত্বে বিনিয়োগ গুণকের মান হবে

(a) $\frac{1}{MPC}$ (b) $\frac{1}{MPS}$

(c) $\frac{1}{1-MPS}$ (d) $\frac{1}{MPC+MPS}$

(vi) বাজেট ঘাটতি বলতে বোঝায়

(a) সরকারী ব্যয় = সরকারী আয়

(b) সরকারী ব্যয় > সরকারী আয়

(c) সরকারী ব্যয় < সরকারী আয়

(d) সরকারী বিনিয়োগ > সরকারী সঞ্চয়।

(vii) কোনো রাশিমালার সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের পার্থক্যকে বলে

(a) প্রসার (b) সমক পার্থক্য

(c) ভেদমান (d) লোরেঞ্জ অনুপাত।

(viii) জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন (NREGA) চালু হয় যে সালে সেটি হল

(a) 1995 (b) 2000

(c) 2005 (d) 2006.

(ix) নিম্নলিখিত কোন্ নামটি দারিদ্র্য চর্চার সঙ্গে সম্পর্কযুক্ত নয় ?

(a) আলুওয়ালিয়া (b) ডাণ্ডেকর

(c) মহলানবীশ (d) ওঝা।

(x) ভারতে অর্থনৈতিক সংস্কার চালু হয় যে সালে সেটি হল

(a) 1975 (b) 1981

(c) 1985 (d) 1991.

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $1 \times 10 = 10$

(i) শূন্যস্থান পূরণ করো :

শ্রমিকের মজুরি বৃদ্ধি পাওয়ার দরুণ উৎপাদন ব্যয় বৃদ্ধি পেলে, ফার্মের যোগান রেখাটি .................. স্থানান্তরিত হয়।

(ii) ঠিক না ভুল লেখো :

পূর্ণ প্রতিযোগিতার বাজারে ফার্মগুলি পৃথক পৃথক দামে দ্রব্য বিক্রয় করে।

অথবা

ঠিক না ভুল লেখো :

অলিগোপলি হল এমন একটি বাজার যেখানে অসংখ্য ক্রেতা কিন্তু স্বল্পসংখ্যক বিক্রেতা থাকে।

(iii) ঠিক না ভুল লেখো :

পূর্ণ প্রতিযোগিতার বাজারে কেবলমাত্র একজন বিক্রেতা থাকে।

অথবা

ঠিক না ভুল লেখো :

লার্নার একচেটিয়া সূচকের মান ঋণাত্মক হতে পারে।

(iv) শূন্যস্থান পূরণ করো :

................ মুনাফা উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত থাকে।

অথবা

শূন্যস্থান পূরণ করো :

ব্যয় দ্বারা দাম নির্ধারণ তত্ত্বে শিল্পের দীর্ঘকালীন যোগান রেখা হয় .........।

(v) শূন্যস্থান পূরণ করো :

ভেদমান হল সমক পার্থক্যের ............. ।

অথবা

শূন্যস্থান পূরণ করো :

লোরেঞ্জ অনুপাতের সর্বোচ্চ মান হল ............. ।

(vi) ঠিক না ভুল লেখো :

কোনো একটি রাশিমালার প্রসারের মান ঐ রাশিমালার সমস্ত মানের উপর নির্ভর করে না।

(vii) শূন্যস্থান পূরণ করো :

.............. বেকারত্ব কেবলমাত্র কৃষিক্ষেত্রেই পাওয়া যায়।

(viii) ঠিক না ভুল লেখো :

মহলানবীশ কমিটির মতে ভারতে আয়বৈষম্যের একটি কারণ হল কর ফাঁকি দেওয়া।

(ix) শূন্যস্থান পূরণ করো :

নরসিমহাম কমিটির ব্যাঙ্কিং ক্ষেত্রে সংস্কারের রিপোর্টটি জমা পড়ে ........... সালে।

অথবা

শূন্যস্থান পূরণ করো :

.............. কমিটি গঠিত হয়েছিল 1993 সালে বিমা ক্ষেত্রে সংস্কারের সুপারিশ করতে।

(x) ঠিক না ভুল লেখো :

GATT চুক্তিটি 1948 সালে চালু হয়।

---

## ( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় ) : $2 \times 10 = 20$

(a) চাহিদার নিয়মটি বিবৃত করো।

অথবা

দাম প্রভাবের দুটি অংশ কী কী ?

(b) কোন্ ধরনের দ্রব্যের ক্ষেত্রে চাহিদা সাধারণত দামের সাপেক্ষে অস্থিতিস্থাপক হয় ?

অথবা

চাহিদার আয়গত স্থিতিস্থাপকতার সংজ্ঞা দাও।

(c) উৎপাদনের গড় ব্যয়ের সংজ্ঞা দাও।

অথবা

ফার্মের পরিবর্তনীয় ব্যয়ের দুটি উদাহরণ দাও।

(d) বাজার দাম স্থির থাকলে ফার্মের প্রান্তিক রেভিনিউ ও গড় রেভিনিউ–এর মধ্যে সম্পর্কটি কিরূপ হবে দেখাও।

(e) সরকারী রাজকোষ নীতির দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

অথবা

সমতার বাজেট গুণক কাকে বলে ?

(f) বিস্তৃতির পরিমাপক হিসেবে প্রসারের একটি সুবিধা ও একটি অসুবিধার উল্লেখ করো।

(g) দারিদ্র্য রেখা কাকে বলে ?

অথবা

ভারতবর্ষে শহরাঞ্চলের দুই রকম বেকারত্বের নাম উল্লেখ করো।

(h) GATT ও WTO-এর মধ্যে পার্থক্য কী ?

(i) বাণিজ্য উদারীকরণের দুটি সুবিধা উল্লেখ করো।

(j) 1994 সালে গৃহীত বিমাক্ষেত্রের সংস্কারের দুটি সুপারিশ উল্লেখ করো।

অথবা

বিশ্বায়ন পদ্ধতির দুটি কুফল উল্লেখ করো।

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $5 \times 8 = 40$

(a) গড় ও প্রান্তিক উৎপাদনের মধ্যে সম্পর্কটি সংক্ষেপে আলোচনা করো।

অথবা

দীর্ঘকালীন সময়ে উৎপাদনের মাত্রাবৃদ্ধিজনিত প্রতিদানের নিয়মগুলি ব্যাখ্যা করো।

(b) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের পাঁচটি মূল বৈশিষ্ট্য উল্লেখ করো।

অথবা

দেখাও কিভাবে পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের প্রান্তিক ব্যয় রেখা থেকে তার স্বল্পকালীন যোগান রেখা পাওয়া যায়।

(c) বণ্টনের প্রান্তিক উৎপাদনশীলতা তত্ত্বের অনুমানগুলি বিবৃত করো।

অথবা

পূর্ণাঙ্গ প্রতিযোগিতামূলক শ্রমের বাজারে মজুরির হার কিভাবে নির্ধারিত হয় ?

(d) জাতীয় আয় পরিমাপের মূল্য সংযোজন পদ্ধতিটি ব্যাখ্যা করো।

অথবা

কিভাবে সঞ্চয় ও বিনিয়োগের অভেদটি জাতীয় আয়ের পরিমাপ থেকে নির্ধারণ করবে ? https://www.westbengalboard.com

(e) কেন্দ্রীয় ব্যাংকের মূল কাজগুলি কী কী ?

অথবা

কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতিগুলি আলোচনা করো।

(f) স্থির ও নমনীয় বিনিময় হার ব্যবস্থার মধ্যে পার্থক্য ব্যাখ্যা করো (চিত্রসহ)।

অথবা

লেনদেন উদ্বৃত্তের উপাদানগুলি কী কী ? কখন বলা হয় যে লেনদেন ব্যালান্সে ভারসাম্য হয়েছে ?

(g) নিম্নে প্রদত্ত রাশিগুলির সমক পার্থক্য নির্ণয় করো :

13, 21, 25, 29 এবং 37.

অথবা

লোরেঞ্জ অনুপাতের সংজ্ঞা দাও। কোন্ অবস্থায় এই অনুপাতের মান শূন্য এব কখন তা এক-এর সমান হয় ? 3 + 2

(h) ভারতবর্ষে দারিদ্র্যের ব্যাপ্তির কারণগুলি কী ? দারিদ্র দূরীকরণের দুটি পদ্ধা উল্লেখ করো।

অথবা

ভারতে শিল্পে বেকারত্ব ও শিক্ষিত বেকারত্বের বৃদ্ধির কারণগুলি ব্যাখ্যা করো।